

# কলম

29<sup>th</sup> January, 2013

## হাঁটু বদলের নয়া পদ্ধতি

কলম প্রতিবেদন : জার্মান কারিগরি সহায়তায় কলকাতায় প্রথম নয়া পদ্ধতিতে হাঁটু বদল করার অস্ত্রোপচার হল বেলভিউ নার্সিংহোমে। এসএসকেএম হাসপাতালের শল্যচিকিৎসা বিভাগের প্রধান ডাঃ দিলীপ কুমার মজুমদার ও নার্সিংহোমের প্রধান

ডাঃ সন্তোষ কুমারের নেতৃত্বে এ দিন প্রথম অস্ত্রোপচারটি হয়। এ ছাড়াও ছিলেন অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সের বিশিষ্ট শল্যচিকিৎসক ডাঃ কৃষ্ণা কিরণও। যে যন্ত্রটি দিয়ে এই অস্ত্রোপচারটি করা হচ্ছে তার নাম 'অর্থোপাইলট'। কর্তৃপক্ষের দাবি, এই অর্থোপাইলট দিয়ে শুধু হাঁটুই নয়, বদল করা সম্ভব হবে নিতম্ব ও গোড়ালি। কর্তৃপক্ষের দাবি কলকাতা তো বটেই, উত্তরপূর্ব ভারতে এই চিকিৎসা প্রথম এই হাসপাতালেই শুরু হল। অস্ত্রোপচারের খরচ পড়ছে ১.৮ লক্ষ টাকা।